

# টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়ে গণশুনানি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর পক্ষ থেকে সংশ্লিষ্ট সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা, টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, মোবাইল ফোন ব্যবহারকারী, বাংলাদেশের ভোক্তা সংঘ, সংশ্লিষ্ট পেশাজীবীসহ আগ্রহী যেকোন ব্যক্তিবর্গের জন্য আগামী ৩০ মার্চ ২০২০ তারিখ, সোমবার, সকাল ১০:০০ ঘটিকার সময় আইইবি অডিটরিয়াম এ “টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম” বিষয়ে গণশুনানির আয়োজন করা হয়েছে। গণশুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের অনলাইন নিবন্ধন করা আবশ্যিক। নিবন্ধনের নিমিত্ত আগামী ১৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে <http://www.btrc.gov.bd/registration-form> ওয়েবসাইট হতে নির্ধারিত ফর্ম পূরণের জন্য অনুরোধ করা হলো।

“টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম” সংশ্লিষ্ট বিষয়ে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের বক্তব্য/প্রশ্ন/উপদেশ ইত্যাদি অনলাইন ফরমের নির্দিষ্ট স্থান পূরণপূর্বক আগামী ১৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রেশনপূর্বক প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, শুধুমাত্র বিষয় সংশ্লিষ্ট যৌক্তিক প্রশ্ন/বক্তব্য/উপদেশ (বাছাইকৃত) প্রদানকারীগণকে ফিরতি ই-মেইলের মাধ্যমে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হবে।

এখানে উল্লেখ্য যে, গত ১২ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত গণশুনানির প্রতিবেদন এবং প্রশ্ন-উত্তর অংশটি বিটিআরসির ওয়েবসাইটে বিদ্যমান রয়েছে।

গণশুনানিতে অংশগ্রহণকারীগণকে অবশ্যই বিটিআরসি হতে প্রেরিত নিশ্চিতকরণ ই-মেইল এবং জাতীয় পরিচয়পত্র (NID) প্রদর্শনপূর্বক অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে হবে।



জনস্বার্থে-  
বিটিআরসি